

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৯৭

১/ বিবিধ

আরবী

إذا طلع النجم رفعت العاهة عن أهل كل بلد  
ضعيف

أخرجه الإمام محمد بن الحسن في " كتاب الآثار " (ص 159) : أخبرنا أبو حنيفة قال: حدثنا عطاء بن أبي رباح عن أبي هريرة مرفوعا، ومن طريق أبي حنيفة أخرجه الثقفى في " الفوائد " (3 / 12 / 1) وكذا الطبراني في " المعجم الصغير " (ص 20) وفي " الأوسط " (1 / 140 / 2) وعنه أبو نعيم في " أخبار أصبهان " (1 / 121) وقال: والنجم: هو الثريا

وهذا إسناد رجاله ثقات إلا أن أبا حنيفة رحمه الله على جلالته في الفقه قد ضعفه من جهة حفظه البخاري، ومسلم، والنسائي، وابن عدي، وغيرهم من أئمة الحديث، ولذلك لم يزد الحافظ ابن حجر في " التقريب " على قوله في ترجمته: فقيه مشهور نعم قد تابعه عسل بن سفيان عن عطاء لكنه ضعيف أيضا وخالفه في لفظه فقال: إذا طلع النجم ذا صباح، رفعت العاهة، أخرجه أحمد (2 / 341 و 388) والطحاوي في " المشكل " (3 / 92) والطبراني في " الأوسط " أيضا، والعقيلي في " الضعفاء " (347) وقال: عسل بن سفيان في حديثه وهم، قال البخاري: فيه نظر ولا يخفى وجه الاختلاف بين اللفظين، فالأول أطلق الطلوع وقيد الرفع بـ عن كل بلد، وهذا عكسه فإنه قيد الطلوع بـ ذا صباح، وأطلق الرفع فلم يقيده بالقيد المذكور، وهذا الاختلاف مع ضعف المختلفين يمنع من تقوية الحديث كما لا يخفى على الماهر بهذا

## العلم الشريف

বাংলা

৩৯৭। যখন তারকারাজী উদিত হয়, তখন অসিদ্ধতা প্রতিটি দেশবাসীর নিকট হতে উঠিয়ে নেয়া হয়।

হাদীসটি দুর্বল।

এটি ইমাম মুহাম্মাদ ইবনুল হাসান "কিতাবুল আসার" গ্রন্থে (পৃ. ১৫৯) বর্ণনা করে বলেছেনঃ আমাদেরকে এ হাদীসটি আবু হানীফা (রহঃ) শুনিয়েছেন...।

আবু হানীফা (রহঃ)-এর সূত্র হতেই সাকাকী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (৩/১২/১) বর্ণনা করেছেন, অনুরূপভাবে তাবারানী "মুজামুস সাগীর" গ্রন্থে (পৃ. ২০) এবং "মুজামুল আওসাত" গ্রন্থে (১/১৪০/২) এবং তার থেকে আবু নুমাইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/১২১) বর্ণনা করেছেন। একমাত্র আবু হানীফা (রহঃ) ছাড়া হাদীসটির সনদের অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তাকে হেফযের দিক দিয়ে দুর্বল বলেছেন ইমাম বুখারী, মুসলিম, নাসাই, ইবনু আদী প্রমুখ মুহাদ্দিসগণ। এ কারণেই ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তার জীবনীতে শুধুমাত্র বলেছেনঃ তিনি প্রসিদ্ধ ফাকীহ।

হ্যাঁ, তার মুতাবায়াত করেছেন ইসল ইবনু সুফিয়ান আতা হতে, কিন্তু সেটিও দুর্বল। ভাষাতেও পার্থক্য রয়েছে। اذ! رفعت العاهة، طلع النجم ذا صباح 'যখন ভোরের তারকা উদিত হয়, তখন অসিদ্ধতা উঠিয়ে নেয়া হয়।' এটি ইমাম আহমাদ (২/৩৪১-৩৮৮), তাহাবী "মুশকিলুল আসার" গ্রন্থে (৩/৯২), তাবারানী "মুজামুল আওসাত" গ্রন্থে এবং উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৩৪৭) বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ ইসল ইবনু সুফিয়ানের হাদীসে সন্দেহ আছে। বুখারী বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। হাদীস দুটির ভাষায় পার্থক্য থাকার কারণে একটি অন্যটিকে শক্তি যোগাতে পারছে না, এছাড়া উভয়টিই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67982>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন